**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৯৭/২০১৭**

**ঢাকা, বুধবার ১৭ মে ২০১৭, ৩ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। চট্টগ্রাম অঞ্চলের মহাসড়কের মানোন্নয়নসহ ৮টি প্রকল্প একনেকে অনুমোদন

২। বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

৩। প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ

৪। অধূমপায়ী হতে হবে এমবিবিএস উত্তীর্ণদের : স্বাস্থ্যমন্ত্রী

৫। কারাবন্দীদের শ্রেণীবিন্যাস করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। মালিকপক্ষের প্রতিনিধির নাম পেলেই নবম ওয়েজবোর্ডের প্রজ্ঞাপন : তথ্যমন্ত্রী

৭। দেশে কোনো খাদ্য সংকট নেই এবং গুদামে পর্যাপ্ত মজুদও রয়েছে : খাদ্যমন্ত্রী

৮। বিদ্যুৎ ও জ্বালানি ক্ষেত্রে আঞ্চলিক সহযোগিতাকে আরও প্রাধান্য দিতে হবে : বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী

৯। বাংলাদেশ-যুক্তরাষ্ট্র তৃতীয় টিকফা বৈঠক শুরু আজ

১০। বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস আজ

চলমান পাতা-২

১। **চট্টগ্রাম অঞ্চলের মহাসড়কের মানোন্নয়নসহ ৮টি প্রকল্প একনেকে অনুমোদন**

চট্টগ্রাম অঞ্চলের মহাসড়কগুলোর মান উন্নীতকরণ প্রকল্পসহ মোট ৮টি প্রকল্পের অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এতে মোট ব্যয় হবে দুই হাজার ৭২৩ কোটি ৬১ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ১ হাজার ৯২৯ কোটি ৯৭ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব অর্থায়নে ব্যয় হবে ৭৯৩ কোটি ৬৪ লাখ টাকা। গতকাল ১৬ মে মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে একনেকের চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় এ প্রকল্পগুলো অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.৬), **অবজারভার** (পৃ.১৭,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

২। **বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ১৬ মে মঙ্গলবার প্রধানমন্ত্রী বঙ্গভবনে পৌঁছালে তাকে ফুল দিয়ে অভ্যর্থনা জানান রাষ্ট্রপতি। এক ঘন্টারও বেশি সময় ধরে চলা বৈঠক শেষে রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদিন বলেন, প্রধানমন্ত্রী সম্প্রতি তার ভারত ও ভুটান সফর সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। সাক্ষাৎকালে হাওর এলাকার অকাল বন্যায় ক্ষয়ক্ষতি এবং সরকারের গৃহীত পদক্ষেপ বিষয়েও রাষ্ট্র ও সরকার প্রধান আলোচনা করেন বলেও জানান প্রেস সচিব। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

৩। **প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ**

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ। ১৯৮১ সালের এই দিনে প্রায় ছয় বছরের নির্বাসিত জীবন শেষে দেশে ফিরে আসেন তিনি। আওয়ামী লীগসহ বিভিন্ন দল ও সংগঠন নানা আয়োজনের মধ্য দিয়ে দিবসটি উদ্‌যাপন করবে। এ বছর দিবসটির ৩৬ বছর পূর্তিতে দেশজুড়ে বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪) **অবজারভার** (পৃ.১,ক.১)।

৪। **অধূমপায়ী হতে হবে এমবিবিএস উত্তীর্ণদের : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, আমি স্বাস্থ্যমন্ত্রী হওয়ার পরে সব মেডিকেল কলেজে ধূমপান না করার নির্দেশ দিয়েছি। এমনকি এ কথাও বলেছি, যারা এমবিবিএস পরীক্ষায় উত্তীর্ণ হবে, তাদের এই মর্মে ছাড়পত্র নিতে হবে যে, আমি ধূমপান করি না এবং ভবিষ্যতেও করব না। গতকাল ১৬ মে মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্র শিক্ষক কেন্দ্রে (টিএসসি) সিরাজগঞ্জের শিক্ষার্থীদের সংগঠন 'যমুনা' আয়োজিত নবীনবরণ ও গুণীজন সম্মাননা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫)।

৫। **কারাবন্দীদের শ্রেণীবিন্যাস করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

সময়ের সঙ্গে তাল মিলিয়ে কারাবন্দীদের জীবনমান আরও উন্নত করা হবে। বন্দীদের মৌলিক অধিকারগুলো পূরণের জন্য সর্বাত্মক চেষ্টা চলছে। ইতোমধ্যে সারাদেশের বন্দীদের থাকার জন্য নতুন বাসস্থানের ব্যবস্থা করা হয়েছে। ভবিষ্যতে শ্রেণীবিন্যাসের বিষয়টিও ভাবা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল ১৬ মে মঙ্গলবার রাজধানীর খিলক্ষেতের 'হোটেল লা মেরিডিয়ান' এ ৪র্থ এশীয়-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সিনিয়র কারেকশনাল ম্যানেজারদের (ডিআইজি থেকে তদূর্ধ্ব কর্মকর্তারা) আঞ্চলিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আন্তর্জাতিক রেডক্রস কমিটি (আইসিআরসি) ও বাংলাদেশ কারা অধিদফতর যৌথভাবে এ সম্মেলনের আয়োজন করেছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৬। **মালিকপক্ষের প্রতিনিধির নাম পেলেই নবম ওয়েজবোর্ডের প্রজ্ঞাপন : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, মালিকপক্ষের প্রতিনিধির নাম পাওয়া গেলেই সাংবাদিকদের নবম ওয়েজবোর্ডের প্রজ্ঞাপন জারি করবে সরকার। তিনি বলেন, বোর্ডের প্রধান হিসেবে বিচারপতি নিয়োগ দান সম্পন্ন হয়েছে, সাংবাদিক ও সংবাদপত্র কর্মচারীদের প্রতিনিধিদের নামও পাওয়া গেছে। মালিকপক্ষের প্রতিনিধির নাম পাওয়া গেলেই প্রজ্ঞাপন জারি করবে সরকার। মন্ত্রী গতকাল ১৬ মে মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে ঢাকা সাব-এডিটরস কাউন্সিলের নবনির্বাচিত সদস্যদের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.২)।

৭। **দেশে কোনো খাদ্য সংকট নেই এবং গুদামে পর্যাপ্ত মজুদও রয়েছে : খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম বলেছেন, হাওরের দোহাই দিয়ে চালের দাম বৃদ্ধি করার পেছনে সরকার বিরোধী রাজনৈতিক দল, একশ্রেণীর অসাধু ব্যবসায়ী ও মিলার দায়ী। যে সংকট সৃষ্টি করা হচ্ছে এটা মনুষ্য সৃষ্টি। দেশে কোনো খাদ্য সংকট নেই। গুদামে পর্যাপ্ত মজুদও রয়েছে। এবার চাল সংগ্রহ অভিযানও সফল হবে। হাওর অঞ্চলে অকাল বন্যায় বোরো ফসলের যে ক্ষতি হয়েছে, তার প্রভাব বাজারে পড়বে না। কিছুদিনের মধ্যে চালের দাম কমে যাবে। রংপুর অঞ্চলে এখনও ধান কাটা শুরু হয়নি। মোটা ধান কাটা হয় দেরিতে। মোটা ধান বাজারে এলে চালের দাম অনেক কমে যাবে। সরকারকে বেকায়দায় ফেলতে সরকারের বিরুদ্ধবাদী রাজনৈতিক দল, একশ্রেণির মিলার ও ব্যবসায়ী খাদ্য সংকট ও চাল সংগ্রহ হবে না বলে নানা অপপ্রচার ও আতঙ্ক ছড়ান, যা কোনোভাবেই সহ্য করা হবে না। গতকাল ১৬ মে মঙ্গলবার রংপুর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে চাল, ধান, গম ও বোরো সংগ্রহ নিয়ে মিলার ও খাদ্য বিভাগের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **প্রথম আলো** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।

৮। **বিদ্যুৎ ও জ্বালানি ক্ষেত্রে আঞ্চলিক সহযোগিতাকে আরও প্রাধান্য দিতে হবে : বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, বিদ্যুৎ ও জ্বালানি ক্ষেত্রে আঞ্চলিক সহযোগিতাকে আরও প্রাধান্য দিতে হবে। এ ক্ষেত্রে ভারতকে আরও এগিয়ে আসতে হবে। আমরা আশাবাদী ভারতকে মাথায় রেখে যেসব চিন্তা-ভাবনা ও পরিকল্পনা করছি, তারাও সেভাবে সহায়তা করবে। বাংলাদেশ থেকে ত্রিপুরায় এলপি গ্যাস রফতানি করা সম্ভব জানিয়ে তিনি বলেন, ত্রিপুরায় এলপিজি গ্যাসের খুব অভাব। ত্রিপুরা সরকার চাইলে কম খরচে বাংলাদেশ থেকে এলপিজি গ্যাস নিতে পারে। গতকাল ১৬ মে মঙ্গলবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের পুরাতন ভবনের সেমিনার কক্ষে 'পাওয়ার ডেভেলপমেন্ট : বিবিআইএন সিনারিও' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১), **ইনকিলাব** (পৃ.২,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

৯। **বাংলাদেশ-যুক্তরাষ্ট্র তৃতীয় টিকফা বৈঠক শুরু আজ**

আজ থেকে ঢাকায় শুরু হচ্ছে দুই দিনব্যাপী বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট কো-অপারেশন ফোরাম এগ্রিমেন্টের (টিকফা) তৃতীয় সভা। রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় অনুষ্ঠিতব্য বৈঠকে বাংলাদেশের পক্ষে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশি পণ্যের শুল্কমুক্ত প্রবেশাধিকার, দেশে মার্কিন বিনিয়োগ বাড়ানো, পোশাক রপ্তানিতে ন্যায্য দাম নিশ্চিত করা এবং দেশটিতে পণ্য রপ্তানিতে স্থগিত অগ্রাধিকারমূলক বাণিজ্য সুবিধা (জিএসপি) ফেরত পাওয়ার প্রস্তাব দেওয়া হবে। সভায় বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দিবেন বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব শুভাশীষ বসু। বাংলাদেশ প্রতিনিধিদলে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মিকাইল শিপার, পররাষ্ট্র সচিব মো. শহিদুল হকসহ ২১ সদস্যের প্রতিনিধিদল অংশগ্রহণ করবে। অন্যদিকে যুক্তরাষ্ট্রের সহকারী ট্রেড রিপ্রেজেনটেটিভ মার্ক লিনসকট এবং বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্সি এস বার্নিকাটসহ ১৫ সদস্যের প্রতিনিধিদল এ সভায় অংশগ্রহণ করবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **নিউজ এজ** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.২)।

১০। **বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস আজ**

বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস আজ। ১৮৬৫ সালের ১৭ মে আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়ন, আইটিইউ প্রতিষ্ঠা এবং প্রথম আন্তর্জাতিক টেলিগ্রাফ সম্মেলন অনুষ্ঠানের নিদর্শনস্বরূপ ১৯৬৯ সাল থেকে

প্রতিবছর বিশ্ব টেলিযোগাযোগ দিবস পালিত হয়। পরবর্তী সময়ে ২০০৬ সালের নভেম্বরে আইটিইউ সম্মেলনের সিদ্ধান্ত অনুযায়ী এ দিবসের নতুন নামকরণ করা হয় বিশ্ব টেলিযোগাযোগ এবং তথ্য সংঘ দিবস। বাংলাদেশ **১৯৭২** সালে আইটিইউয়ের সদস্যপদ লাভ করে। দিবসটির মূল প্রতিপাদ্য 'বিগ ডাটা বিগ 'ইমপ্যাক্ট'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৫), **অবজারভার** (পৃ.১০,ক.৭)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশের সরকারি কর্মকর্তাদের অনেক বাসভবনেরই জরাজীর্ণ দশার কথা উল্লেখ করে তাদের বসবাসের জন্য সুস্থ সুন্দর পরিবেশ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** সেনানিবাস এলাকায় বিভিন্ন নিয়ম ভঙ্গের জন্য পৃথক জরিমানার হার বৃদ্ধি করার মতো বেসামরিক এলাকাগুলোতেও জনজীবনের নিয়ম ভঙ্গে জরিমানার বিধান করার সুপারিশ।

গ. **ইনকিলাব, নিউ এজ :** মওসুমি ফলমূল ও শাক-সবজির স্বাস্থ্যসম্মত মান নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকর উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **প্রথম আলো :** দেশের বিভিন্ন স্থানে আইন অমান্য করে নির্বিচারে টিলা কাটার সাথে জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **সমকাল :** সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরি প্রত্যাশীদের আবেদন পত্রের সাথে চড়া হারে অর্থ আদায় বন্ধে সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন জরুরি বলে মত প্রকাশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রমজান মাসে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত রাখতে ২০ রোজা পর্যন্ত রাত ৮টার পর দোকান পাট ও শপিংমল বন্ধ রাখার ব্যবস্থা করাসহ প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** বিমানবন্দরের ব্যবস্থাপনার ত্রুটিগুলো দূর করে বিমানের যাত্রীদের জন্য স্বস্তিদায়ক সেবার পরিবেশ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

জ. **নিউ নেশন :** ইন্টারনেট সেবার ব্যয়ের উচ্চ হার কমালে আরো অধিক সংখ্যক গ্রাহক ইন্টরনেট সেবা নিতে আগ্রহী হবে, তাতে রাজস্ব আয় বাড়বে বলে অভিমত ব্যক্ত করে সম্পাদকীয়তে প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে সুস্থ রাজনৈতিক চর্চার মধ্য দিয়ে জাতীয় চাহিদা ও সমাধান বেরিয়ে আসবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'টিনএজ : প্রসঙ্গ মাধ্যমিক'** শিরোনামের নিবন্ধে হোসনে আরা বেগম দলমতনির্বিশেষে সকল রাজনৈতিক নেতার উচিত আগামী প্রজন্মের ভবিষ্যতের কথা চিন্তা করে কোমলমতি শিক্ষার্থীদের যেন কোনো স্বার্থান্ধ রাজনৈতিক কর্মকাণ্ডে ব্যবহার করা না হয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা